অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৮৷৷০, ডাক মাশুল ১৷৷০, ষাণ্মাসিক ৪৸০, ডাক মাশুল ৮০, ত্রৈমাসিক ৩, ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ১০৷৷০, ডাক মাশুল ১৷৷০ টাকা। প্রতি খণ্ড ।৵০ আনা।

বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিকবার ৵০ আনা। ইংরেজী প্রতি পংক্তি ।০ আনা।

১০ম ভাগ | কলিকাতাঃ—১৭ই কার্ত্তিক—বৃহস্পতিবার, সন ১২৮৪ সাল। ইং ১লা নবেম্বর ১৮৭৭ খৃঃঅব্দ | ৩৮সংখ্যা

অমৃতরস ॥

সর্ব্বহিতৈষী পরম কারুণিক এক সন্ন্যাস হইতে প্রাপ্ত

মহৌষধ।

ইহা কেবল কতকগুলি দেশী ও কতক গুলিন পর্ব্বতজাত বনৌষধি সংযোগে রস প্রস্তুত হইয়া এমন অসাধারণ বহুবিধ রোগনাশক শক্তি ধারণ করিয়াছে, যে অমৃত রস উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া বাস্তবিক তদ্রূপ কার্য্য করিতে সমর্থ। কি মহতী আশ্চর্য্য বৃক্ষ, লতা, বল্লী প্রভৃতি বনস্পতিতে বিশ্বস্রষ্টা যে কি চমৎকার গুণ প্রদান করিয়াছেন তাহার নিগূঢ় মর্ম্ম লোকে সবিশেষ বিদিত থাকিলে ব্যাধিমন্দির মানব দেহকে নানা প্রকার রোগের যন্ত্রণা দীর্ঘ কাল সহ্য করিতে হইত না, এবং অকালে কালের বশ হইতেও হইত না।

অপরঞ্চ অমৃত রস কি চমৎকার ঔষধ। ইহা সেবনে অনেক অনেক দুঃসাধ্য, কষ্টসাধ্য ও অসাধ্য রোগ ও শান্তি হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়, যক্ষ্মা, শূল ও বহুবিধ শীরপীড়া, হৃদ্রোগ শ্বাসকাশ হৃদকম্প, অম্লপিত্ত অম্ল-শূল, পুরাতন জ্বর, প্রমেহ, মহামারিজ্বর, উপদংশ পারদ ঘটিত দোষ, মূত্রকৃচ্ছ্র, বহুমুত্র, রক্তবিকার, প্লীহা, পাণ্ডু, যকৃৎ ও গ্রহণী প্রভৃতি সকল প্রকার রোগ প্রতিকারে ইহা উৎকৃষ্ট। স্ত্রীলোকদিগের কতকগুলিন বিশেষ রোগ আছে, এ ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক। সূতিকা, প্রদর, মূর্চ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয়দর্শন, প্রভৃতি রোগে স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও আজ্ঞা আছে, যে যথানিয়মে ঔষধ সেবন করিলে মৃতবৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নির্দ্দোষ ঔষধ যে দুগ্ধপোষ্য শিশুরও সেব্য এবং পরমোপকারী।

উদাসীনের দত্ত আমার এই মহৌষধ ইংরাজ ১৮৬৮ সাল হইতে প্রচার হইয়াছে। ইহার পূর্ব্বে কোন বাঙ্গালি কোন প্রকার ঔষধ প্রকাশ করেন নাই। আমার প্রকাশের পরে এই আট বৎসরে যে কতই ইহার নকল হইল তাহার ইয়ত্তা নাই। কিন্তু আসল ও নকল, অনেক বিভিন্ন। পূর্ব্বে পুস্তকাকারে অসংখ্য আরোগ্য সমাচার ছাপান হইয়াছে, এক্ষণ নূতন কয়েক খানি আরোগ্য সমাচার প্রকাশ করা যাইতেছে।

শিশির মূল্য ৫৷৷০ টাকা। ডাকমাশুল আন্দাজ ১৵০। ব্যারিং এবং পেড একই মাশুল।

ওলাউঠার অত্যাশ্চর্য্য অমোঘ বটিকা।

সকল প্রকার ঔষধ অপেক্ষা এই ঔষধের চমৎকার গুণ প্রকাশ হইয়াছে, ইহা দ্বারা অতি অল্প সময়ের মধ্যে রোগ নিবারণ হয়। অধিকাংশ লোক ৫। ৬ ঘন্টার মধ্যে আরোগ্য হইয়াছেন। আমি পূর্ব্বে সহর আম্বালায় বার শত, এবং এ স্থানে আট শত বারজন লোকের দাতব্য চিকিৎসা করিয়াছি, তন্মধ্যে শতকরা ৯০ জন রোগীর অধিক আরোগ্য হইয়াছে। ইহা তালিকা দ্বারা প্রমাণ পাওয়া গিয়াছে।

এই ঔষধের ৫০ পঞ্চাশ বটিকার মূল্য ৫ টাকা মাত্র, ইহা দ্বারা ২০ জন রোগী আরোগ্য হইতে পারে।

নিম্নলিখিত আরোগ্য সমাচার ছাপান যাইতেছে।

শ্রীহেমচন্দ্র বন্দোপাধ্যায়।

মিশির পোখরা, বেনারস।

আরোগ্য সমাচার।

মহাশয় আপনার অমৃত রস আমি ১৫০ টাকার আনাইয়াছি; ইহা অতি আশ্চর্য্য ঔষধ বিবিধ দুরূহ রোগে তাহার অদ্ভুত শক্তি দৃষ্টি করিয়া আমরা চমৎকৃত হইয়াছি। শূল, পুরাতন, নূতন, হাঁপানি কাশী, জ্বর, যক্ষ্মা, গ্রহণী, স্ত্রীলোকের মূর্ছা রোগে ইহার সম্যক উপকারিতা দৃষ্টি করা গিয়াছে।

শ্রীশৈলেশচন্দ্র রায় মহাশয়

জমিদার ও অনারেরী মাজিষ্ট্রেট দেহুড়দা

জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠা ভগ্নী জ্বর, প্রদর, অরুচি, শর ও মস্তক ফোলা, নাক হইতে শিরা বাহির হওয়া। গা, হাত ও পা কামড়ানি ইত্যাদি নানাবিধ পীড়ায় অত্যন্ত কষ্ট পাইতেছিল, মহাশয়ের অমৃত রস সেবনে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। আমার প্রতিবাসী শ্রীযুক্ত প্রাণকৃষ্ট হালদার জ্বর, বমি, অর্শ, অজীর্ণ রোগে অতিশয় কষ্ট পাইতেছিলেন, অজীর্ণ এরূপ হইত, যে অন্ন আহারের পরের দিন পরে ঐ অন্ন স্ব আকারে নির্গত হইত, আপনার অমৃত রস সেবন করিয়া আশ্চর্য্য আরোগ্য হইয়াছেন।

শ্রীরামচন্দ্র নন্দ

মোং তেলীপাড়া, জয়নগর পোঃ আঃ।

ইতগ্রে মহাশয়ের নিকট হইতে যে অমৃত রস ঔষধ সমভিব্যাহারে আনা হয়, বিগত বৈশাখ মাসের মধ্যে মৎ পত্নি নানা প্রকার উৎকট ব্যাধিগ্রস্ত হইয়াছিলেন। এমন কি জীবন রক্ষার কোন উপায় ছিল না। এমত অবস্থায় ঐ ঔষধ সেবনান্তর কতিপয় দিবসের মধ্যেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীঈশ্বরচন্দ্র রায় চৌধুরি জমিদার।

মোং বাহালগ্রাম, রহিমগঞ্জ, পোঃ আঃ

আপনার প্রকাশিত অমৃতরস আনয়ন করিয়া আমার পরিবারকে সেবন করানতে অনেক পরিমাণে রোগের উপসম বোধ হইতেছে শারিরিক দুর্ব্বলতা পূর্ব্বাপেক্ষা অনেক বিশেষ হইয়াছে তবে উদরের বেদনা যে একেবারে আরাম হইয়াছে তাহা বলিতে পারি না, এক্ষণ যে অবস্থা দেখিতেছি, তাহাতে বোধ হয় আরও কিছু অধিক কাল ঔষধ সেবন করাইলে সম্পূর্ণ আরোগ্য হওয়ার সম্ভব। কারণ পীড়াও নিতান্ত অল্প দিবসের নহে।

শ্রীশশীভুষণ হালদার, ডেপুটী মাজিষ্ট্রেট।

মোং মাতাভাঙ্গা জেলা কুচবেহার।

মহাশয় বৎসরাবধি আম জ্বর, এবং কাশে অত্যন্ত কষ্ট পাইতেছিলাম, ডাক্তারি ও বৈদ্যমতে নানাবিধ ঔষধ ব্যবহার করাতে ও পীড়ার কিঞ্চিৎ মাত্র উপসম না হওয়ায় পরিশেষ মহাশয়ের জগৎ পরিচিত অমৃত রস ব্যবহার করাতে সম্যক আরোগ্য লাভ করিয়াছি। আমার যেরূপ উপকার করেলেন ইহাতে মহাশয়ের নিকট চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ থাকিলাম, এবং যাহাতে আপনার অমৃতরস এই গ্রামে এবং ইহার চতুঃপার্শ্বে বিশেষ প্রকারে পরিচিত হয়, তজ্জন্য সর্ব্বদা চেষ্টিত থাকিলাম।

শ্রীরমানাথ বন্দোপাধ্যায়।

মোং হরিপুর, জেলা, দিনাজপুর।

মহাশয় আপনার উদাসীন দত্ত অমৃত রস মহৌষধের গুণ ভুবন বিখ্যাত এবং কয়েকটি রোগীকে আশ্চর্য্য আরোগ্য লাভ করিতে দেখিয়া অসীম আনন্দ সাগরে মগ্ন হইয়াছি। না জানি মহাশয় কত প্রাণীকে অকাল কাল গ্রাস হইতে মুক্ত করিয়া কতই পুণ্য উপাজ্জন করিতেছেন ইহাতে আপনাকে অগণ্য ধন্যবাদ করিতেছি।

চৌধুরী শ্রীপ্রতাপ নারায়ণ রায় জমিদার।

মোং বাশডিহা, জেলা, বালেশ্বর।

আপনার জগদ্বিখ্যাত মহোপকারী ঔষধের গুণ বিষয়ে এ সামান্য লেখনী বা কি বর্ণনা করিতে পারে। সর্ব্বদাই শুনিতেছি, যে আপনার কৃপায় অত্রাঞ্চলের অনেক অনেক ব্যক্তি করাল কাল রোগের হস্ত হইতে মুক্তি লাভ করিতেছেন। আমরা চাক্ষুষ শ্রীযুত রাধামোহন মুখোপাধ্যায়কে ভয়ানক সতিঞ্চ গ্রহণী রোগ হইতে এবং তাঁহার স্ত্রীকে অনেক দিনে প্রাচীন শ্বাস রোগ হইতে আশু মুক্তিলাভ করিতে দেখিয়া বিশেষ ধন্যবাদ দিতেছি। অমৃত রস নামে সার্থকতা সম্পাদন করিতেছে।

শ্রীশ্যামাচরণ মিত্র।

ডেপুটী পোষ্টমাষ্টার, মোং বাঁশডিহা।

গত বৎসর মহাশয়ের নিকট হইতে অমৃত রস আনাইয়া সেবন করায় আমার যে শূলবেদনা ছিল তাহাতে মুক্তি পাইয়াছি।

শ্রীজয় গোবিন্দ দত্ত।

মোং জতনপুখরী, জেলা জলপাইগুডি।

মহাশয়ের অমৃত রস ঔষধ ভগন্দর রোগে সেবন করান হয় তাহাতে ক্ষত আরোগ্য হইয়াছে, দাগ মাত্র আছে।

শ্রীগোবিন্দ চন্দ্র সেট।

মোং ফাসি দেওয়া, জেলা দারজিলিং

আমি হেম বাবুর অমৃতরস অনেক রোগে পরীক্ষা করিয়াছি, এবং অনেক প্রকার রোগেতে ইহার আশ্চর্য্য গুণ দেখা যায়। কএক জন রোগী যাহাদের বাঁচিবার কোন ভরসা ছিল না, এই ঔষধ সেবনে আশ্চর্য্য আরোগ্য হইয়াছে।

শ্রীকৈলাশচন্দ্র বন্দোপাধ্যায়, ডাক্তার।

৺ কাশীধাম।

মহাশয়ের মহৌষধ অত্র স্থানে যিনি যিনি সেবন করিয়াছেন সকলেই সুন্দর রূপে আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীলোকনাথ দাস বসু।

মোং কটক

আপনার অমৃতরস মহৌষধের চমৎকার গুণ। অত্র কাঁথিতে যাহারা সেবন করিয়াছেন, তাঁহারা সকলেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীমহেন্দ্র নারায়ণ মাহিতি।

মোং কাঁথি, জেলা মেদিনীপুর।

মহাশয়ের অমৃতরস সেবনে দাদা মহাশয়ের বিশেষ উপকার লাভ হইয়াছে। তাঁহার শূল ব্যথা এবং পেটের ডাক আরোগ্য হইয়াছে।

শ্রীপ্রসন্ন কুমার দাস।

মোং রত্নপুর, জেলা মুরশিদাবাদ।

ইত্যগ্রে যে ঔষধ আপনার নিকট হইতে আনান হইয়াছিল তাহা আপনার প্রেরিত নিয়মাবলী নিয়মানুসারে সেবন করাতে পুর্ব্বাপেক্ষা অসুস্থের অনেক হ্রাস হইয়া আপাততঃ শরীরের স্ফুর্ত্তি লাভ করিয়াছি।

শ্রী নারায়ণ চন্দ্র চৌধুরী রায় বাহাদুর।

মোং চুড়ামন।

মহাশয় আপনার অমৃত রস ঔষধ অনির্ব্বচনীয় গুণ। আমার আত্মীয়ের জর প্লীহা এবং পেটের ব্যায়রাম ছিল। এই ব্যায়রাম গুলি অল্প দিনের হইলে জর প্রায় ।৮ বৎসরকার প্লীহা প্রায় ৪।৫ বৎসরকার এবং পেটের পীড়া প্রায় এক বৎসর হইল হইয়াছিল। যৎপরোনাস্তি দুর্ব্বল ছিলেন। উক্ত ঔষধ এক শিশি সেবন করিয়া রোগ প্রায় চৌদ্দ আনা আরাম হইয়াছে। জর একবারে বন্ধ হইয়াছে; প্লীহা বারো আনা ভাগ কমিয়া গিয়াছে। প্রত্যহ ১০।১২ বার বাহ্যের মধ্যে এক্ষণে ২।৩ বার যান। বাহ্যে যে রক্তের চিহ্ন দেখা দিত তাহাও আরোগ্য হইয়াছে। এ ঔষধে যে অনেকেই অকাল কালগ্রাস হইতে রক্ষা পাইয়াছেন তাহার আর ভুল নাই।

শ্রীযোগেন্দ্র চন্দ্র বসু।

মোং হুগলি, ঘুটিয়া বাজার।

আপনার প্রেরিত এক শিশি অমৃতরস ঔষধ আমার কনিষ্ঠ সহোদরকে সেবন করাইয়া তাহার পীড়া অনেকাংশে সাহায্য হইয়াছে। প্লীহা, জর, ও উদরাময় এই তিন প্রকার পীড়া আমার উক্ত সহোদরটির হইয়াছিল, আপনার অমৃতরস সেবন করিয়া জর বন্ধ হইয়াছে। উদরাময় আরোগ্য হইয়াছে।

শ্রীদক্ষিণাপদ রায় চৌধুরী।

মহিষরাখা পোঃ আঃ

মহাশয় এক শিশি আরক আনাইয়াছিলাম এবং একট স্ত্রী লোক পুরাতন জর আদি নানা প্রকার পীড়ায় কষ্ট পাইতে ছিল, কিন্তু মহাশয়ের অমৃত রস সেবন করাতে চমৎকার আরোগ্য লাভ করিয়াছে,

শ্রীবনমালী গাল, মোং গুনটিয়া ভায়া সিন্দিরা।

অমৃত রস ঔষধ অত্র সবডিবিজন ধুবড়ির শ্রীযুক্ত বাবু মতিলাল লাহিড়ি প্রভৃতি আনায়ন ও সেবন করিয়া আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীরায় প্রতাপ চন্দ্র বড়ুয়া বাহাদুর।

মোং গৌরিপুর ধুবড়ি।

মহাশয় আপনার অমৃত রস মহৌষধের অসাধারণ গুণে আমার পূজনীয় পিতা ঠাকুর মহাশয়ের মেহ, কাশ, ও জর প্রায় নিঃশেষিত হইয়াছে। ইত্যগ্রে ক্রমিক তিন শিশি অমৃত রস আনয়ন করিয়া উল্লিখিত পিতা ঠাকুর মহাশয়কে সেবন করায় কাশ ও জর হইতে একবারে নিস্কৃতি পাইয়াছেন মেহের পীড়া বার আনা আন্দাজ আরোগ্য হইয়াছে, চার আনা পরিমাণে বাকি আছে। বোধ করি তাহাও একবারে নিঃশেষিত হইত। ফলতঃ অর্থের অকুলন বশতঃ এক সঙ্গে উক্ত তিন শিশি অমৃত রস সেবন করাইতে পারি নাই এক শিশি সেবন করিয়া মধ্যে অনেক দিন বাদে অপর শিশি সেবন করিতে হইয়াছিল, এবং নিয়ম মত পথ্যাধি দেওয়া হয় নাই বিশেষতঃ মেহের পীড়াটী অল্প দিনের নয়। প্রায় ২৫ বৎসর হইল ইহার সূত্রপাত হইয়াছে।

শ্রীবর্ণেশ্বর মখোপাধ্যায়

মোং চুড়ামন জেল মালদহ

মহাশয়ের নিকট হইতে গত মাসে যে ঔষধ আনাইয়াছিলাম তাহা ছয় জন রোগীকে দেওয়ায় উত্তম রূপ আরোগ্য হইয়াছে। বিসুচিকার এমন ঔষধ আর হয় নাই, ছয় ঘন্টার মধেই সকলে আরোগ্য লাভ করিয়াছে।

শ্রীগোপচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

নেটিব ডাক্তার, ছাপরা জেলা আরা।

মহাশয়ের ঔষধের গুণ মৌখিক ভিন্ন পত্রে বর্ণনা করা যায় না। একাদিক্রমে ১৮টী ওলাউঠা রোগী আরোগ্য হইয়াছে। অধিকাংশ রোগীকে ২টী বটিকা কোন কোনটীকে একটী মাত্র দেওয়া গিয়াছে মহাশয়ের ঔষধ যথার্থ তাহার কোন ভুল নাই ঐ সকল রোগী অতি দীন হীন লোক, কেবল মহাশয়ের পুণ্যার্থে, এবং সংবাদ প্রকাশার্থ, বিনামুল্যে দেওয়য়াছি।

মহিদ্দিন।

ইন চার্জ কুরকুরিয়া চা-বাগান সোউপুর আসাম

আপনি যে ওলাউঠা রোগের ঔষধ পাঠাইয়াছিলেন ঐ ঔষধ ৫ জন রোগীকে দেওয়া হইয়াছিল, তাহাতে সকলেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীরাধাবল্লভ সিংহ দেব জমিদার।

মোং কুচিয়াকোল, জেলা বাঁকুড়া

আপনার প্রেরিত ওলাউঠা ঔষধ প্রাপ্ত হইয়া যার পর নাই বাধিত হইলাম। কয়েক জন রোগীকে ঔষধ ব্যবহার করাইয়া ফল পাওয়া গিয়াছে।

জোনুরুল হোসেন, দেওয়ান।

মোং তালিবপুর, ষ্টেট বহরমপুর।

আমাদের নিকট কয়েক গ্রামে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে, আপনার প্রেরিত বটিকার কয়েক জনার আশ্চর্য্য উপকার হইয়াছে।

শ্রীকেলাসচন্দ্র রায় মহাশয়, জমিদার।

আনারারী মাজিষ্ট্রেট মোং দেহড়দা, জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠ ভ্রাতার পুরাতন জর, প্লীহা, অরুচি, উদরাময় ও মুখে ঘা হইয়া অধিক কষ্ট ভোগ করিতেছিল এবং উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দেখান হইয়াছিল কিন্তু কিছুতেই উপশম হয় নাই, অবশেষে মহাশয়ের অমৃত রস আনাইয়া সেবন করাইয়াছিলাম তাহাতে আরোগ্য লাভ করিয়া সুন্দর ও সুশ্রী হইয়াছে।

শ্রীরাধাল দাসচক্রবর্ত্তী হিতসাধনী সভার সম্পাদক।

সাং নান্দালা জেলা বর্দ্ধমান।

ইতি পুর্ব্বে যে এক শিশি অমৃত রস আনাইয়াছি তাহা সেবনে শূল বেদনার হ্রাস হইয়াছে এমন কি বেদনা আর কিছু মাত্র টের পাওয়া যায় না মধ্যে মধ্যে পেট জালা করিয়া থাকে কিন্তু তাহাও আহার করিলে কর্মিয়া যায়।

শ্রীচন্দ্রমোহন চক্রবর্ত্তী

সাং পারলিয়া জেলা ঢাকা।

আপনার অমৃত রসের গুণ আমি সামান্য লেখনীতে কি বর্ণিব। যদি কোন গুণবান প্রত্যক্ষ করেন তবে কিছুমাত্র বর্ণন হইতে পারে। বাস্তবিক রোগবিনাশ জন্য অমৃতরস প্রকৃত ধন্বন্তরী বলিয়া প্রতয়হয়।

আমি পেটের অসুখ, প্রাচীন জর ও শারীরিক দুর্ব্বলতায় দীর্ঘকাল কষ্টভোগ করিয়া গত সেপ্টেম্বর মাসে এক শিশি মাত্র সেবন করিয়া প্রায় সাত মাস কাল বিনা ঔষধে উত্তম ভাবে সুস্থ ছিলাম। অমৃত রসে আমার অত্যন্ত উপকার হইয়াছে আমি আরও খাইব।

শ্রীমতিলাল লাহুড়ী

সাং দিদলী জেলা গোয়ালপাড়া।

আপনার প্রেরিত মহৌষধ অদ্য ১৫ দিবস পর্য্যন্ত সেবনে বোধ হইতেছে যে ব্যাধি অর্দ্ধেক পরিমাণ নিবারণ হইয়াছে।

শ্রীচন্দ্রনাথ রায়

লক্ষ্মণপুর জেলা রঙ্গপুর।

পূর্ব্বে যে আপনার নিকট হইতে অমৃত রস এক শিশি আনাইয়াছিলাম তাহা সেবনে কাশ ও উদরের পীড়া এক কালীন আরোগ্য হইয়াছে।

শ্রীশ্রীনাথ ঘোষ

লক্ষ্মণকাঠি জেলা বরিসাল।

গত ফালগুণ মাসে আমার স্ত্রীর পুরাতন জর ও প্লীহা প্রভৃতি নানা রকম রোগের জন্য আপনার অমৃত রস এক শিশি আনাইয়া সেবন করানতে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে।

শ্রীযদুনাথ ঘোষ

সাহেবগঞ্জ ষ্টেশন।

অমৃত রস সেবনে পীড়া কিছু বিশেষ হইয়াছে একারন মহাশয়কে লেখা যায় যে অনুগ্রহ করিয়া পুনরায় দুই শিশি পাঠাইয়া দিবেন।

শ্রীগোপাল চন্দ্র গোস্বামী।

জমিদার শ্রীরামপুর।

কিছু দিন হইল আপনার নিকট হইতে এক বোতল অমৃ— আনাইয়াছিলাম তাহা ব্যবহার করিয়া আমার মাতা ঠাকুরাণীর বহু কালের অম্লশূল অনেক পরিমাণে উপশম হইয়াছে বোধ করি আর কিছু কাল ব্যবহার করিলে পীড়া একবারে আরোগ্য হইতে পারে।

শ্রীদিননাথ ঘোষ ইনেস্পেক্টর।

বাঘোলি ষ্টেশন জেলা হুদই।

ওলাউঠার বটিকা।

আপনার প্রচারিত কলেরার মহৌষধি আনাইয়া দুইটী রোগীকে ব্যবহার করাইয়া আশ্চর্য্য ফল পাইয়াছি। দুইটী কলেরা রোগীই প্রথমতঃ দেশীয় পরে ডাক্তার দ্বারা চিকিৎসিত হয়, কিছুতেই উপসম না হইয়া জীবন সংশয় হইলে পর আমি উক্ত রোগীদ্বয়কে ৫ বটিকা সেবন করাই ও অতি অল্প কাল মধ্যে উপসম হইয়া সুস্থতা লাভ করিয়াছে। ইহা দেখিয়া এখানকার অনেক লোক কলেরা হইলে রক্ষা পাইব বলিয়া ভরসা করিয়াছেন।

শ্রীদ্বারকা নাথ সেন।

মেডিকেল প্রাকটীশনার রাজনগর।

আপনার প্রণীত ওলাউঠার অমোঘ বটিকা ইতিপূর্ব্বে যাহা আনাইয়াছিলাম তাহাতে অনেকের উপকার হইয়াছে। ঔষধ প্রায় নিঃশেষিত হইল।

শ্রীমধুসূদন সরকার।

গদী রেশম কুটী জিয়াগঞ্জ।

মহাশয়ের প্রেরিত ওলাউঠার ৫০টী বটিকা প্রাপ্ত হইয়া কয়েকটি রোগীকে সেবন করান হইয়া ছিল। তাহারা সকলেই যমালয় হইতে প্রত্যাগমন করিয়া উত্তম রূপে সুস্থ হইয়াছে।

শ্রীশশিভূষণ চৌধুরি।

মানিকগঞ্জ।

আপনার নিকট হইতে আমি কলেরার পিল আনাইয়া প্রায় ৯০ই জন রোগী আরোগ্য করিয়াছি। আপনার জ্ঞাত জন্য নিবেদিলাম।

কুমার শ্রীকৃষ্ণ গোপা আধুর্য্য।

মলিয়াড়া রাজবাটী দুর্গাপুর।

I have much pleasure to inform you that during the present outbreak of cholera here I have been able to cure several cases without any failure by the use of the said Pills.

Your's very faithfully
Tarinee Pro ad Pleader
Judge's Court, Bnugulpore.

I have much pleasure in acknowledging the efficacy of your invaluable cholera pills. I have personally tried them in five cases with complete success. I have been convinced that they are really a great boon to the country being the only medicine which as far as I am aware can best cope with the fell disease.

Your's most faithfully
Krishna Bullubh Roy, Vakil Jungipore
Moonsiff's Court. Moorseedabad.

I am very glad to say that your cholera pills have cured all the 10 cases in which they were administered.

Signed D. V. Sapray.
Bankipore.

I have the honor to inform you that your medicine for cholera was received here, when the disease had nearly disappeared from the town.

It was however administered in two cases with successful result.

Signed T. B. Miller,
Private Secretary.

Your cholera pills are really infallible. Not being a professional man I was afraid to try your medicine at first, but I administered it in 3 cases given up by the doctors as hopeless. Two of the patients recovered within six hours by using only two pills each. The other a child took one pill which stopped his purging, vommitting, spasm, and perspiration, and caused a discharge of urine, but unfortunately at this stage his parents gave him some other medicine. The result was the disease relapsed, and the child died Three more cases have been cured by your medicine.

Signed W. R. Larmine
Magistrate of Bankura

I am requested by the Maharajah of Burdwan to inform you that during the recent out-break of cholera in this place, your pills were tried in several cases, which occurred among the servants of His Highness, and were found to be efficacious,

Bepinbehary Dutt.
Station Master, Doomrow.

অমৃত বাজার পত্রিকা।

সন ১২৮৪ সাল ১৭ই কার্ত্তিক বৃহস্পতিবার।

যুদ্ধ।

আমরা যে কয়েক দিবস বিদায় গ্রহণ করি সেই সময় মধ্যে রণক্ষেত্রে কি কি ঘটনা হইয়াছে তাহার আনুপূর্ব্বিক ঘটনা স্থানান্তরে প্রকাশিত হইল। রণক্ষেত্রের এক খানি মানচিত্র লইয়া যদি কেহ আমাদের প্রকাশিত তারের সম্বাদ গুলি পাঠ করেন তাহা হইলে বুঝিতে পারিবেন যে এই কয়েক দিনের মধ্যে যদিও কয়েকটী বড় বড় যুদ্ধ হইয়া গিয়াছে, তথাচ উভয় পক্ষের পূর্ব্বে যে অবস্থা ছিল, তাহার বড় পরিবর্ত্তন হয় নাই।

ইউরোপীয় তুর্কির মধ্যে সিপকাপাশ, প্লেবেনা, বাইলা প্রভৃতি কয়েকটি ঘোরতর সংগ্রামের স্থান। সিপকাপাশ হইতে রুশিয়রা এখনও স্থান ভ্রষ্ট হয় নাই। ১৭ই সেপটেম্বর তুর্কেরা সাত ঘণ্টা ঘোরতর যুদ্ধের পর সিপকাপাশের সেণ্টনিকোলাস নামক দুর্গ অধিকার করে। এই দুর্গটী অধিকার করিতে পারিলে তুর্কেরা সিপকাপাশে প্রবেশ করিতে পারিত, কিন্তু রুশিয় বিস্তর সৈন্য আসিয়া এই দুর্গ হইতে তুর্কদিগকে তাড়াইয়া দেয়। সলিমানপাশা প্রকাশ করিয়াছেন যে, তিনি সাত ঘণ্টা পর্য্যন্ত এই স্থানটী অধিকার করিয়া থাকেন, কিন্তু ক্রমে বিস্তর রুশিয় সৈন্য উপস্থিত হয়। তিনি তথাচ ইহা পরিত্যাগ করিতেন না কিন্তু এই স্থান পরিত্যাগ করিয়া যাওয়ার তাহার কোন বিশেষ অভিসন্ধি আছে। তাহার কি অভিসন্ধি আছে তাহা এখনও প্রকাশ পায় নাই, তবে তুর্কেরা এখনও যে সিপকাপাশে কিছু করিতে পারেন নাই তাহার কোন সন্দেহ নাই।

সিপকাপাশ যেরূপ রুশিয়রা অধিকার করিয়া রহিয়াছে, প্লেবেনাতেও সেইরূপ ওসমানপাশা অদ্বিতীয় বীরত্ব দেখাইতেছেন। ১১ই সেপটেম্বরে রুশিয় জেনারেল অদ্বিতীয় সাহস ও বীরত্বের সঙ্গে প্লেবেনার কয়েকটী স্থান অধিকার করেন কিন্তু ওসমান পাশা তাহাকে সেখান হইতে বিতাড়িত করিয়া দেন। এই আক্রমণে রুশদিগের অন্যূন ৮ সহস্র সৈন্য ধ্বংশ হইয়াছে।

বাইলাতে আজিও কোন বৃহৎ যুদ্ধ হয় নাই। যান্ত্রা নদীর উপর প্রায় এক লক্ষ তুর্ক সৈন্য রহিয়াছে, এবং ইহার নিকট রুশিয়দিগের বোধ হয় ৬০ হাজার সৈন্য রহিয়াছে।

যদি তারের সম্বাদ গুলি সম্পূর্ণ রূপে বিশ্বাস করা যায় তাহা হইলে আর্ম্মিনীয়াতে রুশিয়রা একটী গুরুতর জয় লাভ করিয়াছে। এমন কি, গত কয়েকটি যুদ্ধে তুর্কেরা সেখানে যে সমুদয় উপকার প্রাপ্ত হন, এই যুদ্ধে তুর্কি তাহার সমুদয় চ্যুত হইয়াছেন। এমন কি, মুক্তিয়ারপাশার পলায়ন করিয়া প্রাণ রক্ষা করিতে হয় এবং রুশিয়রা যেরূপ ভাবে অগ্রসর হইয়াছে তাহাতে শীঘ্র নূতন সৈন্য না উপস্থিত হইলে আর্ম্মেনীয়াতে রুশিয়াদের আবার পূর্ব্বের ন্যায় জয়ী হইবার সম্ভব।

যুদ্ধে যদিও এখন কাহার পক্ষে জয় পরাজয় হয় নাই, কিন্তু অনেকে অনুমান করিতেছেন যে রুশিয়দের অবস্থা ক্রমে শোচনীয় হইয়া উঠিতেছে। ডেলিনিউসের সম্বাদদাতা রুশিয়ার পক্ষীয় লোক, কিন্তু তিনি লিখিয়াছেন যে রুশ সৈন্যেরা কর্দ্দমের হ্রদে অবস্থিতি করিতেছে। তাহাদের বৃষ্টি কি শীত হইতে রক্ষা পাওয়ার বস্ত্র ও তাম্বু সমুদয় বিপক্ষেরা লুণ্ঠন করিয়া লইয়াছে। রুশ সৈন্যদের যদি প্রকৃত এই রূপ অবস্থা হইয়া থাকে, তাহা হইলে হয় তাহাদের অবিলম্বে যুদ্ধে উপস্থিত হইয়া আপনাদের অবস্থার উন্নতি করিতে হইবে, নয় পলায়ন করিতে হইবে। রণক্ষেত্রে উপস্থিত হইয়া অবস্থার পরিবর্ত্তন করা যে নিতান্ত সহজ ব্যাপার নহে তুর্কেরা পদে পদে তাহার পরিচয় প্রদান করিয়াছে। আবার রুশদের পলায়ন করিতে একটি বৃহৎ বাধা পড়িয়াছে। লজ্জা কি অপমান বোধ হয় ত এ বিপদ কালে তাহারা গ্রাহ্য করিত না, কিন্তু ড্যানিউব নদীতে জল বৃদ্ধি হওয়াতে নিকোপোলিসের সেতু ভাসিয়া গিয়াছে। সুতরাং ড্যানিউব পার হওয়া তাহাদের পক্ষে এখন সহজ কথাও নহে। এরূপ অবস্থায় পতিত হইয়া হয় ত তাহারা হতাশ হইয়া আরো অধিক বীরত্বের সঙ্গে যুদ্ধ করিতে পারে, কিন্তু প্লেবেনাতে তাহারা বরাবরি অসাধারণ বীরত্ব দেখাইতেছে অথচ ইহা দ্বারা তাহারা বিশেষ ফল ভোগী হইতে পারে নাই, প্রত্যুত তাহারা আরো অধিক বিপদে জড়ীভূত হইতেছে। রুশিয়রা গণনা করেন যে, প্লেবেনাতে যে পরিমাণে আহারীয় দ্রব্য ও যুদ্ধ উপকরণ আছে তাহাতে ওসমানপাশা আর দীর্ঘ কাল উহা রক্ষা করিতে পারিবেন না, শীঘ্রই তাহার পরাজয় স্বীকার করিতে হইবে। কিন্তু সম্প্রতি চিবেট পাশা ১২ হাজার সৈন্য ও আহারীয় দ্রব্য এবং যুদ্ধের উপকরণ লইয়া প্লেবেনাতে প্রবেশ করায় তাহাদের সে গণনা অনুরূপ কার্য্য হইবে না।

রুশিয়রা অধর্ম্মজনক যুদ্ধে ব্যাপৃত হইয়াছে, সুতরাং বিধাতা যদি তাহাদের প্রতি বিমুখ হন সে নিতান্ত আশ্চর্য্য কি অস্বাভাবিক নহে। প্রত্যুত যুদ্ধের প্রারম্ভ হইতে রুশিয়রা এই রূপ পদে পদে দৈববিপাক সহ্য করিতেছে। দৈব দুর্যোগে উপস্থিত হওয়াতে ড্যানিউবের ধারে বাস করা অসম্ভব হইয়াছে, তাহার উপর আবার মৃত দেহের দুর্গন্ধ। ইহাতে সেখানে এরূপ রোগের প্রাদুর্ভাব হইয়াছে যে, শত ২ লোক পীড়িত হইয়া মারা পড়িতেছে। ডেলিনিউসের সম্বাদদাতা পীড়িত হইয়া লণ্ডনে গমন করিয়াছেন। রুশ সম্রাটের যদি মুসলমান রাজার অত্যাচার হইতে খৃষ্টানদিগের উদ্ধার করা যুদ্ধের প্রকৃত উদ্দেশ্য থাকে, তাহা হইলে তিনি এখন দেখিতেছেন যে, তিনি এ কার্য্যে ব্যাপৃত না হইলে সর্ব্বাংশেই ভাল ছিল। তাহা হইলে তুর্কির খৃষ্টানেরাও নিহত হইত না, তাঁহারও লক্ষ লক্ষ খৃষ্টান প্রজার প্রাণ নষ্ট করিতে হইত ন।

ফল রুশ গবর্ণমেণ্টের প্রধান বিপদ হতাশ। যুদ্ধে জয়ী হইয়া তুর্কদের যেরূপস্ফূর্ত্তি হইতেছে রুশিয়দের তেমনি ভগ্নোদ্যম হইতেছে। রুশিয় জাতি সংকল্প করিতেছেন যে যত ক্ষণ তুর্কি একেবারে রসা তলে না যায় তত ক্ষণ তাহারা রণে বিরত হইবেন না। তাহারা ইহার নিমিত্ত অসংখ্য লোক যুদ্ধ ক্ষেত্রে উপস্থিত করার পরমর্শও দিতেছেন, কিন্তু সে কেবল মুখে, কাহারও আর জয় লাভের আশা হইতেছে না, বিশেষতঃ রুশিয় গবর্ণমেণ্টের অর্থ ভাণ্ডার শূন্য হইয়াছে।

অনেকে অনুমান করিতেছেন যে যুদ্ধ অবসান হওয়ার আর বিলম্ব নাই। ইউরোপীয় রাজারা আর স্থির হইয়া এই মমুদয় পৈশাচিক ব্যাপার দর্শন করিতে পারিবেন না। তাহারা সত্বর উপস্থিত হইয়া যুদ্ধ যাহাতে ক্ষান্ত নয় তাহার মধ্যস্থতা করিবেন, কিন্তু আমাদের সে ভরসা হয় না। যত ক্ষণ এক জন যুদ্ধে পরাস্ত না হইতেছেন ততক্ষণ যে এ সমর শেষ হইবে এরূপ বোধ হয় না। ইউরোপীয় রাজারা মধ্যস্থতা করিতে আসিয়া হয় ত আরো যুদ্ধের জটিলতা বৃদ্ধি করিবেন।

ইডেন সাহেব কৃত শিক্ষা সম্বন্ধীয় পরিবর্ত্তন।

উত্তর পশ্চিম অঞ্চলের লেফটেনেণ্ট গবর্ণর নিজ শাসনাধীন প্রদেশ হইতে অধিক পরিমাণে উচ্চ শিক্ষা উঠাইয়া দেওয়ার সংকল্প করিয়াছেন। সার রিচার্ড টেম্পল উচ্চ শিক্ষা বিস্তারের নিমিত্ত পুনাতে রাজকুমার কলেজ নামক একটি কলেজ স্থাপন করিতেছেন। এবং ইডেন সাহেব মধ্য শ্রেণী বাঙ্গালা বিদ্যালয়ে যে ইংরাজি শিক্ষা দেওয়া হইত তাহা রহিত করার আজ্ঞা প্রচার করিয়াছেন।

ইডেন সাহেব লিখিছেন যে, যাহারা কখন ইংরাজি শিক্ষা করিবেনা এইরূপ নিম্নশ্রেণীস্থ লোকের নিমিত্ত গ্রাণ্ট সাহেব প্রথম বাঙ্গালা বিদ্যালয় স্থাপন করেন। সার সেসিল বিডন ১৮৬৬ খৃঃ অব্দে আবার বিশেষ করিয়া লিখেন যে, বাঙ্গালা বিদ্যালয়ে সম্পূর্ণরূপে যেন বাঙ্গালা শিক্ষা দেওয়া হয় এবং তথায় এইরূপ প্রণালীতে বাঙ্গালা শিক্ষা দেওয়া হয় যাহাতে নিম্নশ্রেণীস্থ লোকে স্বদেশীয় ভাষার শিক্ষা প্রাপ্ত হইতে পারে। কিন্তু ক্রমে এই সমুদয় বিদ্যালয়ে ইংরাজি শিক্ষা প্রবেশ করিয়াছে। ক্রমে বাঙ্গালা ও ইংরাজি স্কুলে, অর্থাৎ বার্ণেকুলার ও মাইনর আঙ্গোলা বার্ণেকুলার বিদ্যালয়ে পূর্ব্বে যে ইতর বিশেষ ছিল তাহার লোপ হয়। ১৮৭২ খৃঃ অব্দে বটে ছাত্রবৃত্তির নূতন নিয়ম করিয়া এই দুই শ্রেণী বিদ্যালয়ের মধ্যে গবর্ণমেণ্ট কতক প্রভেদ করিয়াছেন, কিন্তু ১৮৭৬ খৃঃ অব্দের ১০ই ডিসেম্বর তারিখের পত্র দ্বারা গবর্ণমেণ্ট নিয়ম করন যে, বাঙ্গালা স্কুলে ছাত্রেরা ইচ্ছা করিলে ইংরাজি শিক্ষা করিতে পারিবে।

সার রিচার্ড টেম্পল উপরি উক্ত পত্র লিখেন। তিনি তাঁহার গত রিপোর্টে এই বিষয় সম্বন্ধে এই রূপ লিখিয়াছেন যে, "মধ্যবর্ত্তী বিদ্যালয়ের তিন শ্রেণী আছে—বার্ণেকুলার স্কুল, মিডল ইংলিশ স্কুল, ও হাইয়ার ইংলিশ স্কুল। এই তিন শ্রেণী স্কুলের মধ্যে সর্ব্বাপেক্ষা হাইয়ার ইংলিশ স্কুলে অধিক ছাত্র, তাহার নিচে মিডিল ইংলিশ, এবং সর্ব্বাপেক্ষা কম ছাত্র বার্ণেকুলার স্কুলে অধ্যয়ন করে। ইহা দ্বারা অনায়াসে সিদ্ধান্ত করা যাইতে পারে যে ইংরাজি শিক্ষার প্রতি এখন লোকের অধিক আগ্রহ হইতেছে এবং যখন এদেশীয় লোকের এইরূপ ইচ্ছা তখন তাহার পোষকতা করা কর্ত্তব্য।" এবং তিনি এই নিমিত্ত বাঙ্গালা স্কুলে ইংরাজি শিক্ষার প্রচলন করেন। তাঁহার ইচ্ছা ছিল যে, এ সমুদয় স্কুলে এখন যেরূপ ইংরাজি শিক্ষা হয় ইহা অপেক্ষা যাহাতে ভাল রূপ ইংরাজি শিক্ষা দেওয়া হয় স্কুলের ম্যানেজারেরা তাহার প্রতি যত্ন করেন এবং তিনি এই নিমিত্ত ম্যানেজারদিগকে উপযুক্ত শিক্ষক নিযুক্ত করিতে পরামর্শ দেন।

ক্যাম্বেল সাহেব শিক্ষা সম্বন্ধে যে অনিষ্টকর পরিবর্ত্তন করেন টেম্পল সাহেব তাহার অনেকটা সংশোধন করেন, এবং টেম্পল সাহেব যাহা করিয়া গিয়াছেন তাহা ইডেন সাহেব ভাঙ্গার যত্ন করিতেছেন। গ্রাণ্ট ও সেসিল বিডন সাহেব যে উদ্দেশ্যে বাঙ্গালা পাঠশালা সমুদয় স্থাপন করেন ক্যাম্বেল সাহেব সেই উদ্দেশ্য সম্পন্ন করার নিমিত্ত, অর্থাৎ যাহারা কেবল বাঙ্গলা শিক্ষা করিবে এবং কস্মীন্ কালে যাহাদের পক্ষে ইংরাজি শিক্ষা করার সম্ভব নাই, তাহাদের নিমিত্ত প্রাইমারি স্কুল স্থাপন করেন। আবার গ্রাণ্ট ও সেসিল বিডন সাহেবের শাসন কালে বাঙ্গলায় এরূপ হতাদর হইয়াছিল না। তখন বাঙ্গলার ছাত্র বৃত্তি দিতে পারিলে লোকে ওকালতী পরীক্ষা দিতে পারিত, নেটিব ডাক্তারদিগকে গবর্ণমেণ্ট প্রচুর যত্ন করিতেন, এবং আদালতের অধিকাংশ লেখা পড়া বাঙ্গলায় হইত। সুতরাং গ্রাণ্ট ও বিডন সাহেব তখন যে প্রজার নিমিত্ত বাঙ্গলা বিদ্যালয়ের স্থাপন করেন, সে প্রজার এখন ইংরাজি ভিন্ন আর জীবিকা নির্ব্বাহের উপায় নাই। আবার এখন যে প্রজার কেবল বাঙ্গলা শিক্ষা করিলে চলে তাহাদের অভাব ক্যাম্বেল সাহেব দূর করেন, সুতরাং স্বভাবতঃ বাঙ্গলা বিদ্যালয়ে ইংরাজি প্রবেশ করে। টেম্পল সাহেব লোকের ও দেশের প্রকৃত অভাব বুঝিতেন। তিনি ইহা দেখিয়া বাঙ্গলা বিদ্যালয়ে ইংরাজি প্রচলন করেন।

ফল ইডেন সাহেব কাহাদের নিমিত্ত এই বাঙ্গলা বিদ্যালয় গুলি স্থাপন করিলেন? যদি মধ্যবর্ত্তী লোকের নিমিত্ত করিয়া থাকেন তাহা হইলে তাহারা এখানে অধ্যায়ন করিয়া কি ফল পাইবে? এখন ওকালতী পরীক্ষায় ইংরাজির প্রয়োজন, নেটিব ডাক্তারিতে ইংরাজির প্রয়োজন, গবর্ণমেণ্টের অতি সামান্য চাকুরিতে ইংরাজির প্রয়োজন, জমীদারগণেরও এখন ইংরাজি নবিশ ভিন্ন কার্য্য নির্ব্বাহ করা কঠিন হইয়া উঠিয়াছে।

সার রিচার্ড টেম্পল স্কলার্শিপ সম্বন্ধে যে সুন্দর নিয়ম করেন তাহাতে কিছু বুদ্ধি থাকিলে ভদ্রলোকের সন্তান সন্ততিরা কেবল ছাত্র বৃত্তি দ্বারা বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করিয়া উচ্চতম পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিত। ইডেন সাহেব এই সুন্দর নিয়মের হন্তারক হইলেন। ইডেন সাহেবের প্রচলিত নিয়মে এই হইবে যে, বাঙ্গালা বিদ্যালয় গুলি উঠিয়া না যাউক, কালে দুরবস্থাপন্ন হইবে এবং মধ্যবর্ত্তী লোকের অন্ন কষ্টের সীমা থাকিবেনা।

কেহ কেহ অনুমান করেন যে, ইডেন সাহেবের প্রব-

র্ত্তিত প্রণালী দ্বারা বাঙ্গালা ভাষার উৎকর্ষ হইবে, কিন্তু বার্ণেকিউলার স্কুলে ১০। ১২ বৎসরের বালকেরা বাঙ্গলার দুই এক খানি সামান্য সাহিত্য, ভূগোল, ইতিহাস পাঠ করিলে বঙ্গ ভাষার উন্নতি হইবে, যাহারা বিবেচনা করেন তাহারা ভাষার উন্নতি কাহাকে বলেন তাহা আমরা জানি না। ফল ইহাদ্বারা যদি কিছু উপকার হইবার সম্ভাবনা থাকে তাহা অপেক্ষা বিস্তর অপকার হইবার বেশী সম্ভাবনা। যদি বাঙ্গালি জাতি সজীব অবস্থায় আর এক শত বৎসর জীবিত থাকিতে পারেন তাহা হইলে বাঙ্গলা ভাষার উন্নতি কেন, বাঙ্গালিরা দেশের অনেক উপকার করিতে পারিবেন, সুতরাং বাঙ্গালি জাতিকে সজীব অবস্থায় রক্ষা করা এখন সর্ব্বাপেক্ষা গুরুতর কার্য্য এবং তাহাদের মধ্যে যত অন্ন সচ্ছলতার অভাব হইবে তত তাহারা নির্জ্জীব হইবে। বাঙ্গলা স্কুল হইতে ইংরাজি শিক্ষা উঠাইয়া দিয়া ইডেন সাহেব ইহাদের এই অভাবের বৃদ্ধি করিলেন।

বেঙ্গাল প্রেসিডেন্সিতে দুরন্ত দুই জাতি পার্ব্বতীয় অবস্থিতি করে, এক নাগা অপর গারো। নাগারা ১৮৭৫ খৃঃঅব্দে মনিপুরে কি রূপে উপদ্রব করে ড্যামেন্ট সাহেব তাহার বিবরণ এই রূপ প্রকাশ করিয়াছেন। তিনি লিখিয়াছেন যে, ১৮৭৫ ও ৭৬ খৃঃ অব্দের সেপ্টেম্বর মাসে পাপলংমায়া এবং মঞ্চেমা নামক দুই গ্রামের ৫০০ জন নাগা মনিপুরের দুই খানি গ্রাম আক্রমণ করিয়া দুই জন পুরুষ ও দশ জন স্ত্রীকে হত এবং চারি জনকে আহত করে। এতদ্ভিন্ন লুণ্ঠন ও অগ্নি দ্বারা গৃহ দগ্ধ করে। হত ব্যক্তিদের পাঁচ জনের মস্তকচ্ছেদন করিয়া লইয়া যায়। ১৮৭৬ খৃঃ অব্দের ৩০শে জানুয়ারিতে এক দল নাগা আর একটী গ্রাম আক্রমণ করিয়া বন্দুক দ্বারা চারি জন এবং বল্লম দ্বারা এক জন পুরুষকে হত করে। হত ব্যক্তিদের এক জনের একটি কর্ণচ্ছেদন করিয়া লইয়া যায়। এতদ্ভিন্ন গ্রাম হইতে ১২ খানি বল্লম, ১৪ খানি দা, ৬ খানি কুড়ালি, কতক গুলি কাপড় এবং ১২ টাকা মূল্যের লবণ লুণ্ঠন করে। এপ্রেল মাসে আর এক দিন নাগারা আর এক খানি গ্রাম আক্রমণ করে। আক্রমণকারীদের সংখ্যা এক হাজারের অধিক হইবে। ইহাদের সঙ্গে ৮০টী বন্দুক থাকে। ইহারা এই গ্রাম খানি সম্পূর্ণরূপে উচ্ছিন্ন দেয়, নয় জন মনুষ্য হত করিয়া তাহাদের মস্তক চ্ছেদন করিয়া লইয়া যায়, প্রায় দুই শত খানি ঘর অগ্নি দ্বারা জ্বালাইয়া দেয়, এবং বল্লম দ্বারা ৪ জনকে আহত করে। অবশিষ্ট গ্রামবাসীরা নিকটস্থ আর এক খানি গ্রামে আশ্রয় লইয়া প্রাণ রক্ষা করে। এই মাসে আর এক দল নাগা আর এক খানি গ্রাম আক্রমণ করে। এবার তাহাদের সর্দ্দারও সঙ্গে আইসে। ইহারা ৪০ জন পুরুষ এবং ৪০ জন স্ত্রী ও বালককে হত্যা এবং ৭ জনকে বল্লম দ্বারা আহত করে। হত ব্যক্তিদের ২৪ জনের জনের মস্তকচ্ছেদন করিয়া লইয়া যায়। ইহারা ছয় জন পুরুষ ও ১৪ জন স্ত্রীকে বন্দী করিয়া পলায়ন করে। বন্দীদিগের মধ্যে কেহ কেহ পলায়ন করে, কয়েকজন অর্থ প্রদান করিয়া মুক্তি লাভ করে, এবং একজনকে ৩০ টাকায় নাগারা বিক্রয় করে। ড্যামেন্ট সাহেব ইহাদের অন্যান্য উপদ্রবের কথা বর্ণন করিয়া লিখিয়াছেন যে, নাগা কর্ত্তৃক গত বৎসর এক শত ছয় জন হত, ৮ জন আহত, এবং ২০ জন বন্দী হইয়াছে। এই গেল নাগাদিগের বিবরণ।

আসাম গবর্ণমেন্ট গারোদিগের সম্বন্ধে এই রূপ লিখিয়াছেন। গত বৎসর গারোরা কোন রূপই উপদ্রব করে নাই। তাহারা আর সেকালের গারো নাই। তাহারা আর পূর্ব্বের ন্যায় মনের সাধে মনুষ্যকে হত্যা এবং তাহাদের শরীর খণ্ড খণ্ড করিয়া ছেদন করে না। আত্ম কলহ দ্বারা পরস্পরের রক্তপাত করার আনন্দ তাহারা অনুভব করিতে পারে বটে, কিন্তু ফাঁসী এবং বিরক্তজনক দীর্ঘকালব্যপক রাজবিচার তাহাদের নিকট তত প্রীতিকর বলিয়া বোধ হয় না। গত বৎসর থোডিং নামক এক ব্যক্তি এক খানি গ্রামে আগুণ লাগাইয়া দেয়। উক্ত প্রজ্বলিত গৃহ হইতে প্রাণ রক্ষার নিমিত্ত ছয় জন রমণী ও বালক পলায়ন করিতেছিল, এই ছয় জনকে ধরিয়া সে খণ্ড খণ্ড করিয়া ছেদন করে। থোডিঙ্গের এই অপরাধে ফাঁসী হয় এবং তাহার ফাঁসী হইলে গারোদের মধ্যে এরূপ হতাশ উপস্থিত হয় যে, ২৬ জন গারো ইহার অব্যবহিত পরে উদ্বন্ধনে প্রাণত্যাগ করে। তদবধি ইহারা অতিশয় শান্ত হইয়াছে; তাহারা ক্রমে পূর্ব্বের দুরন্তভাব বিস্মৃত হইতেছে। এদেশীয়দের মধ্যে এখন বোধ হয় এরূপ অসভ্য কেহ না থাকিতে পারেন, কিন্তু যদি কেহ এরূপ লোক থাকেন যিনি পদ্মার দুরবস্থা দেখিয়া অশ্রু নিঃক্ষেপ করেন, মদমত্ত বন্য হস্তির বন্দী অবস্থা দেখিয়া চক্ষের জল নিঃক্ষেপ করেন, ডাকাইত বিশ্বনাথ বাবুর যেখানে ফাঁসি হইয়াছিল সে স্থানে উপস্থিত হইলে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করেন, এবং পূর্ব্বকালীয় ডাকাইতদিগের বীরত্ব শুনিতে আনন্দ অনুভব করেন, তিনি গারোদিগের নিষ্ঠুরাচরণ শুনিয়া আনন্দিত না হউন, গারোদিগের পতন দেখিয়া হয় ত অশ্রুপাত করিবেন।

উত্তর মালাবরের সেসন জজ চিঙ্গাটন কোটান নামক এক ব্যক্তিকে যাবজ্জীবনের নিমিত্ত দ্বীপান্তরিত করেন। তদ পরে তিনি মান্দ্রাজ গবর্ণরের নিকট ইহাকে ক্ষমা করিতে অনুরোধ করিয়া এই রূপ লিখেন:—"এব্যক্তি তিন মাসের একটি শিশুকে হত্যা করার উদ্দেশে পাত কুয়ার মধ্যে তাহাকে নিঃক্ষেপ করে। আমি আইন অনুসারে ইহাকে এই অপরাধে যাবজ্জীবনের নিমিত্ত দ্বীপান্তরিত করিতে বাধ্য হই, কিন্তু আমার সাধ্য থাকিলে আমি ইহাকে অতি সামান্য শাস্তি প্রদান করিতাম। হত্যাকারী এই শিশুটীকে লইয়া ভারি বিপদে পড়ে। শিশুর পিতা মাতা উভয়েরই ওলাউঠায় প্রাণ ত্যাগ হয়। ৮ বৎসরের আর একটি ভগ্নি ছিল সেও ওলাউঠায় মূমূর্ষাবস্থাপন্ন হইয়া পড়ে। হত্যাকারী শিশুটির জীবন রক্ষার বিস্তর যত্ন করে। কিন্তু কেহ ইহার রক্ষার ভার গ্রহণ করে না। আবার কোন স্থানে ইহার নিমিত্ত অন্ন সংগ্রহ করিতে পারে না। সে নিজেও ক্রমে ক্ষুধায় অবসন্ন হইয়া পড়ে। আবার শিশুর পিতা মাতা ভগ্নী প্রভৃতির সমাধির ভার তাহার উপর পতিত হয়। সে দেখে যে শিশুটীকে কোন মতে সে রক্ষা করিতে পারিবে না, এবং তাহাকে রক্ষা করিতে গিয়া তাহারও প্রাণ যাইবে এবং শিশুর পিতা মাতা ভগ্নির ও সৎকার হইবে না। এই বিপদে পড়িয়া সে শিশুটীকে পাত কুয়াতে নিঃক্ষেপ করে। এমন অবস্থায় ইহার প্রতি গবর্ণমেন্টের কৃপা বিতরণ করা তাহার বিবেচনায় নিতান্ত উচিত।" গবর্ণর ইহাকে মুক্তি প্রদান করিয়াছেন। ইংলিশ গবর্ণমেন্ট এই রূপ কৃপা বিতরণ করিয়া জন সমাজে যত উপকার করেন এবং মনুষ্যদিগকে যত সৎপথাবলম্বী করেন, সহস্র সহস্র লোককে ফাঁসী কাষ্ঠে ঝুলায়মান করিয়া তাহার শতাংশের এক অংশও করেন না।

কাবুলের আমীরের সঙ্গে তুর্ক দূতের গোপনে দেখা হয় এবং দূতের নিকট আমীর রুশিয় যুদ্ধের কারণ জিজ্ঞাসা করেন। দূত রুশিয়দিগের স্বার্থপরতা ও নিষ্ঠুরাচরণের নানা উদাহরণ প্রদান করেন। তিনি বলেন ইউরোপ ও আশিয়াতে রুশেরা বৃহৎ রাজ্য বিস্তার করিয়াছে। সম্প্রতি তাহারা খিবা অধিকার করিয়াছে এবং বোখারা ও তুর্কস্থানে রাজ্য বিস্তার করিয়াছে। তাহারা যখন যে রাজ্য অধিকার করিয়াছে তখনই তাহা কঠোর শাসনে শাসিত করিয়াছে। রুশেরা তুর্কির প্রতিও এই অভিসন্ধিতে আক্রমণ করিয়াছে। রুশেরা প্রথম তুর্কির মধ্যে রাজবিদ্রোহিতা উপস্থিত করিয়া শেষে উহা আক্রমণ করে। রুশিয়া কিরূপ চক্র করিয়া এই যুদ্ধ উপস্থিত করে দূত তাহা প্রকাশ করেন। দূতের মুখে এই সমুদয় কথা শুনিয়া আমিরের কষ্ট ও ক্রোধের উদয় হয়। রুশেরা যে এরূপ কুপ্রকৃতির লোক তিনি তাহা এই প্রথম শুনেন। আমিরের পারিসদেরা বলেন রুশেরা যদি প্রকৃত এই রূপ ভয়ানক লোক হয় তবে তাহাদের সঙ্গে আত্মীয়তা করার বিশেষ বিঘ্ন আছে। আমির শেষে বলিলেন যে, তিনি সত্বর সুলতানের নিকট এ সম্বন্ধে তাঁহার কি মত তাহার সম্বাদ পাঠাইবেন। তৎপরে তিনি দূতের নিকট জিজ্ঞাসা করেন যে তিনি যুদ্ধের কোন নূতন সম্বাদ পাইয়াছেন কি না এবং কনেষ্টেন্টিনোপোলের কোন সম্বাদ পত্র যদি তাঁহার নিকট থাকে তাহা তিনি পাঠ করিতে ইচ্ছা করেন। আমীর পরিশেষে ব্যক্ত করেন যে রুশেরা যে এ রূপ প্রবঞ্চক যদিও তিনি অবগত ছিলেন না, তথাচ তাঁহাকে রুশেরা অদ্যাপি প্রবঞ্চনা করিতে পারে নাই। কিন্তু তাঁহার পুরাতন বন্ধু ইংরাজেরা তাঁহার প্রতি নিতান্ত অন্যায় ব্যবহার করিয়াছেন। রুশদিগের প্রতি ইংরাজদিগের যে শত্রুতা ভাবই থাকুক, কিন্তু তাঁহার প্রতি তাহারা যে কেন এরূপ ব্যবহার করিবেন তিনি তাহা বুঝিতে পারেন না।

—০:০—

রাণাঘাটের পত্রের সারাংশ আমরা এখানে প্রকাশ করিলাম। পত্র প্রেরক লিখিয়াছেন। "আপনি জানেন, স্রোতস্বতী পদ্মারই পাহাড় ভাঙ্গিয়া থাকে, নদিয়ার অঞ্জনায় পাহাড় ভাঙ্গে না। আপনি ইহাও জানেন যে, যে গাছে উঠে তাহারই পতিত হইবার, যে জলে সন্তরণ করে তাহারই জলমগ্ন হইবার,এবং যে কার্য্য করে তাহারই ভ্রম হইবার সম্ভাবনা। সুতরাং আমাদের ডেপুটী মাজিষ্ট্রেট বাবু রমেশচন্দ্র অনেক কার্য্য করেন বলিয়া তাঁহার দুই একটী ভ্রম যদি হয় তাহা হইলে তাঁহাকে কি ক্ষমা করা কর্ত্তব্য নহে? তিনি রাণাঘাটের কমিশনারদের সঙ্গে যে বিবাদ করেন তাহা মিটিয়া গিয়াছে। বোধ হয় তাহারা আবার কর্ম্ম গ্রহণ করিতেছেন। শান্তিপুরের গোলও মিটিয়া গিয়াছে। সুরেন্দ্র বাবুর সঙ্গে হাট লইয়া যে গোল হয় তাহাও মিটিয়া গিয়াছে। আবার ছোট আদালতের জজের সঙ্গে যদি তাহার কোন বিবাদ হইয়া থাকে তাহার সঙ্গে আমার ও আপনার কি সম্বন্ধ। ফল তাহাও মিটিয়া গিয়াছে। পেজ সাহেব বটে তাঁহাকে অনেক গালাগালি দিয়াছেন কিন্তু গবর্ণমেন্টের কর্ম্মচারিদের পৃষ্ঠের বস্ত্র উন্মোচন করিলে বোধ হয় সকলের পৃষ্ঠেই বেত্রের দাগ দেখা যায়। আপনি একবার ডেপুটী বাবুর কাছারী আসিয়া দেখিবেন তিনি কি রূপ পরিশ্রমী। তাঁহার পরিশ্রম দেখিলে প্রকৃত অবাক হইতে হয়।"

—০:০—

সম্প্রতি আফ্রিডিসেরা আবার ভারতবর্ষে উৎপীড়ন করিতে আরম্ভ করিয়াছে। তাহারা ২৫সে তারিখের রাত্রে কতক গুলি ইংরেজ সৈন্য আক্রমণ করিয়া এক জন হাবিলদার ও ৫ জন শিপাহীকে হত এবং ছয় জনকে আহত করে। আফ্রিডিসদের এক জন হত হয়। আফ্রিডিসেরা ক্রমে যেরূপ উপদ্রব আরম্ভ করিয়াছে তাহাতে বোধ হয় তাহাদিগের দমনার্থে গবর্ণমেন্টের ক্ষুদ্র একটী যুদ্ধের আয়োজন করিতে হইবে। তাহারা ২১সে রবিবারে গোরাঝাই নামক গ্রাম আক্রমণ করিয়া গ্রাম বাসীদের কয়েক জনকে হত ও আহত করে। তাহারা পর দিন আর একটি গ্রাম আক্রমণ করে কিন্তু বিতাড়িত হয়। আবার গত মঙ্গল বারে কুমার নামক গ্রাম আক্রমণ করিয়া কয়েক জন পুলিসের লোক ও কয়েক জন গ্রাম বাসীকে আহত ও হত করে এবং অনেক গুলি গোরু ও অন্যান্য পশু লুণ্ঠন করিয়া লইয়া পলায়ন করে। আফ্রিডিসেরা এই রূপ উপদ্রব করিবে আর ইংলিশ গবর্ণমেন্ট তাহা চুপ করিয়া সহ্য করিবেন, তাহা কখনই সম্ভব নয়। ইংরাজেরা বটে রুশিয়া কি অন্য কোন বড় বড় জাতির সঙ্গে সংগ্রামে বিলিপ্ত হইতে অনিচ্ছা প্রকাশ করিয়া থাকেন, কিন্তু তাহারা যে আফ্রিডিস প্রভৃতি জাতিকে ভয় করেন না, তাহা আবিসিনিয়ার যুদ্ধে, নাগা যুদ্ধে এবং অন্যান্য যুদ্ধ দ্বারা সপ্রমাণ হইয়ছে।

দেওয়ানি কার্য্য বিধি সম্বন্ধে নূতন যে আইন প্রচলিত হইয়াছে ব্যবস্থাপকেরা তাহাতে একটী নিতান্ত প্রয়োজনীয় বিষয়ের ব্যবস্থা প্রকটন করিতে বিস্মৃত হইয়াছেন। আইন প্রণেতারা নিয়ম করিয়াছেন যে, আজিতে স্বয়ং বাদী ও তাঁহার পক্ষীয় উকিলের স্বাক্ষর থাকা প্রয়োজন, কিন্তু আম মুক্তিয়ার নামার বলে বাদী, উকিল, কি অপর ব্যক্তি স্বাক্ষর করিতে পারিবেন এ ব্যবস্থা করি

তাহাদের বিস্মৃতি হইয়াছে, ... বোধ হয় হাইকোর্ট সত্বর এই ভ্রম সংশোধন করিবেন।

গবর্ণমেন্ট গণনা করিয়া দেখিয়াছেন যে, নবেম্বর মাসে মান্দ্রাজ দুর্ভিক্ষের ব্যয় মাসে ৩০ লক্ষ টাকা হইবে এবং তদপরে ব্যয় ক্রমে কমিবে। ১৭ই তারিখের রিপোর্টে প্রকাশিত হইয়াছে যে, পূর্ব্বে মান্দ্রাজে যত লোককে সাহায্য দিতে হইয়াছিল এখন তাহা অপেক্ষা ৩০৪২১৮ জন লোক কমিয়াছে। ক্রমে আহারীয় দ্রব্যের দাম কমিতেছে এবং শস্যের অবস্থারও শ্রীবৃদ্ধি হইতেছে।

মান্দ্রাজের যে যে স্থানে অতিশয় অন্ন কষ্ট ছিল তাহার প্রায় সর্ব্বত্র উত্তম বৃষ্টি হওয়াতে বোধ হইতেছে সেখানে অল্প দিনের মধ্যে উত্তম শস্য হইবে। তবে অতিরিক্ত বৃষ্টি হওয়াতে কোন কোন স্থানের কিছু অনিষ্ট হইয়াছে, সুতরাং যে সমুদয় মহা পুরুষেরা মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত ভারি ব্যাকুল হইয়াছিলেন তাহাদের আর কোন চিন্তার বিষয় নাই।

মাহামুদ আলি পাশার পরিবর্ত্তে সামলা রক্ষণাবেক্ষণের ভার সলিমান পাশার হস্তে অর্পিত হইয়াছে এবং সিপ্‌কা পাশের ভার রিওফ পাশার হস্তে অর্পিত হইয়াছে। মুসলমানদিগের গত পর্ব্বের সময় সুলতান ওসমান পাশা ও মুক্তিয়ার পাশাকে "গাজি" উপাধি প্রদান করিয়াছেন। "গাজির" অর্থ বিজয়ী।

রুশিয় সরকারি রিপোর্টে প্রকাশিত হইয়াছে যে গত ২০শে সেপ্টম্বর পর্য্যন্ত রুশদের ৪৭৪০৫ সৈন্য নানা কারণে নষ্ট হইয়াছে।

যুদ্ধ সম্বন্ধীয় তারের সম্বাদ।

১১ই অক্টবর। চেদকেত পাশা, ওসমান পাশার সঙ্গে মিলিত হইয়াছেন। এবং যুদ্ধের উপকরণ ও সৈন্যদিগের নিমিত্ত আহারীয় দ্রব্য আনয়ন করিয়াছেন। বিধ্ নামক উপত্যকা হইতে রুশেরা বিতাড়িত হইয়াছে। সলিমান পাশা কাডিকোই নামক স্থানে হেড কোয়াটার স্থাপন করিয়াছেন। সেখানে তিনি বিস্তর সৈন্য সংগ্রহ করিয়াছেন। রুষ্টচক হইতে এক দল তুর্ক সৈন্য অনুসন্ধান করিতে বহির্গত হইয়া জানিতে পারিয়াছে যে, যে পিরগোশ নামক স্থানে রুশেরা সৈন্য উপস্থিত করিয়াছে।

রুশ সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, ২রা ও ৩রা তারিখের যুদ্ধের নিমিত্ত এবং রুশেরা নূতন স্থান অধিকার করার জন্যে, আহামদ মুক্তিয়ার পাশা ৯ই তারিখের রাত্রে তাহার নূতন অধিকৃত স্থান এবং কিজিলটিপি পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছেন। রুশেরা তাঁহার সৈন্যের পশ্চাদ পশ্চাদ ধাবিত হইয়া তাহাদের পূর্ব্বেকার স্থান অধিকার করিয়াছে।

বলগরিয়াতে মুসলধারে বৃষ্টি হইতেছে এবং ড্যানিউব নদীর জল ক্রমে বৃদ্ধি হইতেছে।

বৈরাম উৎসবের সময় সুলতান তাঁহার অধীনস্থ সেনাদিগের কৃতকার্য্যের নিমিত্ত আনন্দ প্রকাশ করেন এবং বলেন যে শীঘ্র সন্ধি স্থাপন হইবে এবং সন্ধি স্থাপন হইলে তুর্কির লভ্য হইবে।

১২ অক্টবর। আহাম্মদ মুক্তিয়ার পাশা প্রকাশ করিয়াছেন যে, তিনি আলতচাতে যে সময় সৈন্য একত্রিত করিতেছিলেন সেই সময় রুশেরা তাহাকে আক্রমণ করে। পাঁচ ঘণ্টা যুদ্ধ হয়। কোন দিকে জয় পরাজয় হয় না। রাত্রি উপস্থিত হইলে রুশেরা পলায়ন করে। যুদ্ধে রুশদের ১২০০ সৈন্যের মৃত্যু হয়।

১৩ই অক্টবর। ডেলিনিউসের সম্বাদদাতা লিখিয়াছেন যে, রুশ সেনাদিগের ভারি দুরবস্থা। ক্রমাগত সাত দিন বৃষ্টি হওয়ায় বাইলা ও রুষ্টচক ভিন্ন আর সর্ব্বত্র লোকের গতায়াত করা অসাধ্য এবং রুশ সৈন্যেরা কর্দ্দম হ্রদে বাস করিতেছে। শীতকালের নিমিত্ত রুশ সৈন্যের কোন আয়োজন হয় নাই। শীত নিবারণের যে কিছু দ্রব্য তাহাদের ছিল লোম হইতে পলায়ন করার সময় তাহা ফেলিয়া আইসে।

১৫ই অক্টবর। ১১ই তারিখের পত্রে রিউফ পাশা প্রকাশ করিয়াছেন যে, দেবতা পরিষ্কার হইয়া গিয়াছে। অনুসন্ধানকারী সৈন্যেরা রুশ সৈন্যদিগকে একটী নূতন স্থান অধিকার করিয়া অবস্থিতি করিতে দেখিয়া তাহাদের প্রতি গোলা বর্ষণ করিতে আরম্ভ করিয়াছে। মুক্তিয়ার পাশা প্রকাশ করিয়াছেন ১১ই তারিখে পরস্পর গোলা ছুড়া ছুড়ি হইয়া বিপক্ষের দক্ষিণ ও বাম দিকের সৈন্যদিগকে গমনোন্মুখী হইতে দেখা যায়। নিকোপোলিসের সেতু স্রোতে ভাসিয়া গিয়াছে। তুর্কেরা কালাবস্ক নামক স্থানে নদী উল্লংঘন করিতে গমন করে, কিন্তু ইহাতে অকৃতকার্য্য হইয়াছে।

১৬ই অক্টবর। রুশেরা সুলিনাতে বোম নিক্ষেপ করিতেছে এবং সেখানে যাহারা বাস করিত তাহারা পলায়ন করিয়াছে। বলগরিয়ার দুর্য্যোগ পরিষ্কার হইয়া গিয়াছে। বিপক্ষ সৈন্যদলের কে কোথায় রহিয়াছে সলিমান তাহার অনুসন্ধান করিতেছেন। চেফকেত পাশা রুশদিগের নিকট হইতে কুড়ি হাজার মেষ ও ৫ শত গবাদি লুণ্ঠন করিয়া লইয়াছেন। রুশিয়া সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, মুক্তিয়ার পাশা রুশদিগকে ইয়াগনি নামক স্থানে আক্রমণ করে। ঘোরতর যুদ্ধের পর তিনি হটিয়া যান।

১৭ই। ১৬ই তারিখের রুশিয় সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, রুশেরা ১৪ তারিখে ওরলক নামক পর্ব্বতশিখর অধিকার করিয়াছে। বিপক্ষেরা কার্শ অভিমুখে হটিয়া যাইতে বাধ্য হইয়াছে। রুশেরা ১৫ই তারিখে মুক্তিয়ার পাশা অধিকৃত স্থান আক্রমণ করে এবং আওলিয়ান পর্ব্বত পর্য্যন্ত অধিকার করে। ইহার নিমিত্ত তুর্ক সৈন্যেরা দুই দলে বিভক্ত হইয়া গিয়াছে। ইহার যে দল কার্স অভিমুখে যাত্রা করে রুশেরা তাহাদিগকে আক্রমণ করিয়া বিস্তর লোককে হত আহত ও বন্দী করিয়াছে, । এই দল সম্পূর্ণরূপে পরাজিত হইয়াছে। অপর দলে মুক্তিয়ারপাশা ছিলেন। এই দলকে আলাডজাডাগে রুশ সৈন্যেরা বেষ্টন করে। ঘোরতর যুদ্ধ হয়। তুর্কেরা পরাজয় স্বীকার করে। ইহাতে ৭ জন পাশা বন্দী হইয়াছে। বিস্তর যুদ্ধের উপকরণ রুশদিগের হস্তে পড়িয়াছে। রুশেরা ৩২টী কামান পাইয়াছেন। মুক্তিয়ার পাশা কার্সে পলায়ন করিয়াছেন।

তুর্ক সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে ১৫ই তারিখে মুক্তিয়ার পাশা একটী গুরুতর যুদ্ধে বিলিপ্ত হন। এখনও কোন বিশেষ সম্বাদ পাওয়া যায় নাই।

১৮ই। মুক্তিয়ার পাশা পরাজয় স্বীকার করিয়া লিখিয়াছেন যে, রুশদিগের সম্প্রতি অনেক সৈন্য বৃদ্ধি হইয়াছে। তাহারা ভাল ভাল কামান আনিয়াছে, আবার গত যুদ্ধে তুর্কদের অনেক ভাল ভাল যোদ্ধার প্রাণ নষ্ট হইয়াছে, এই নিমিত্ত রুশেরা জয়ী হইয়াছে। তিনি তাহার এক দল সৈন্যের সঙ্গে কারসে গমন করিয়াছেন। রিউফ পাশা প্রকাশ করিয়াছেন যে, সিপকাপাশে দুই হস্ত পরিমাণ বরফ পড়িয়াছেন। সলিমানপাশা পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, এখন গমন পর্য্যন্ত রাস্তার অধিক সৈন্য গমন করার অবস্থা হয় নাই।

মুক্তিয়ার পাশা এক রূপ পরাজয় স্বীকার করিয়াছেন। তিনি লিখিয়াছেন যুদ্ধে তুর্কদের ৮ শত সৈন্য হত হইয়াছে এবং রুশদের এক দল অশ্বারোহী ও চারি দল পদাতিক হত হইয়াছে।

১৯শে অক্টবর। সলিমানপাশা এক্ষণ বিপক্ষ দলের গতিবিধি পর্য্যবেক্ষণ করিয়া বেড়াইতেছেন। সিপকাপাশে আবার ভয়ানক কামান ছুড়াছুড়ি চলিতেছে।

২০শে। রুশেরা আবার প্লেবেনাতে বোম নিক্ষেপ করিতে আরম্ভ করিয়াছে এবং বোধ হয় রুশেরা আবার সত্বর তুর্কদিগকে আক্রমণ করিবে। আর্ম্মেনিয়া হইতে সম্বাদ আসিয়াছে যে, ইস্মেলপাশা, ইরিবান পরিত্যাগ করিয়া পলায়ন করিতেছেন।

২১শে। বুচারেষ্টে এই রূপ প্রকাশিত হইয়াছে যে, রোমানীয় সৈন্যেরা তিনবার গ্রিবিটযা দুর্গ আক্রমণ করার যত্ন করে এবং তিন বারই অকৃতকার্য্য হয়। ওসমানপাশা প্রকাশ করিয়াছেন যে রুশের, ১৯শে তারিখে তুর্ক সৈন্যের দক্ষিণ পক্ষ আক্রমণ করে, কিন্তু বিস্তর ক্ষতিগ্রস্ত হইয়া বিতাড়িত হয়। রুশেরা প্লেবেনার পূর্ব্বে আক্রমণ করে কিন্তু বিতাড়িত হয়। তুর্ক সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে যে, রাচিদ পাশা ১৫ই তারিখের যুদ্ধে শত্রু হস্তে আপনাকে অর্পণ করেন নাই। তিনি এবং মুক্তিয়ার পাশা আলাডজাডাগের নিকট একটী স্থানে সসৈন্যে অবস্থিতি করিতেছেন। রুশিয়াতে আর যত গোলন্দাজ ছিল সে সমুদয় যুদ্ধ ক্ষেত্রে উপস্থিত হইতেছে।

২২শে। রুশিয় সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে যে, ১৫ই তারিখে আলেডজাডাগের যুদ্ধে রুশদিগের ১৪৩১ সৈন্যের মৃত্যু হয়। রুশিয় সৈন্যেরা কার্সের নিকট আসিয়া কার্সস্থিত সৈন্যদিগকে পরাজয় স্বীকার করিতে বলিতেছে। রুশিয় সৈন্যেরা আর্জেরুমেও গমন করিতেছে। ১৪ই তারিখে ইস্মেল পাশা তার্গুকেসবকে আক্রমণ করেন কিন্তু বিতাড়িত হন। ইস্মেল পাশা হটিয়া যাইতেছেন, সুলতান ত্রিবিজন্দে নূতন সৈন্য প্রেরণ করিতেছেন। গ্রিবিটযা দুর্গে রোমণীয়দের ৮ শত সৈন্যের মৃত্যু হইয়াছে। ডাগেস্থান নামক স্থানে রুশ গবর্ণমেন্টের বিপক্ষে লোক ক্রমে বিদ্রোহী হইতেছে।

২৪শে অক্টবর। চিবেত পাশা প্রকাশ করিয়াছেন যে, রুশিয় অশ্বারোহিরা প্লেবেনার পশ্চিমে অনুসন্ধান করিয়া বেড়াইতেছে এবং সেখানে দুই পক্ষে মহা কাটাকাটি হইতেছে। রুউফ পাশা প্রকাশ করিয়াছেন যে রুশিয়ায়া সিপকাপাশে তুর্ক সৈন্যদের মধ্যে ভয়ানক রূপে বোম নিক্ষেপ করিতেছে। সলিমান পাশা প্রকাশ করিয়াছেন যে রুশেরা কারাহসেন নামক স্থান আক্রমণ করে কিন্তু হটিয়া গিয়াছে।

২৫শে। গাজি মুক্তিয়ার নূতন সৈন্য সংগ্রহ করিয়া রিডিফ যোদ্ধাগণ দ্বারা সংখ্যাভুত করিয়াছেন। তুর্কেরা বোম নিক্ষেপ করিয়া রুশদিগের গোলন্দাজদিগকে নিরস্ত করিয়াছে। রুশিয়রা কার্সের অগ্রমেঘ দুর্গ আক্রমণ করিয়া হটিয়া গিয়াছে। ইস্মেলপাশা মুক্তিয়ার পাশার সঙ্গে মিলিত হইয়াছেন। জেনারেল তার্গুকেসব ইস্মেলপাশার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছেন।

২৬শে। রুশিয় সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে ২৩শে তারিখে ৯ ঘণ্টা অবিশ্রান্ত যুদ্ধের পর গৌরকো সোফিয়ায় গমনের পথে ডুবনিক নামক স্থানে ৬৪টি কামান অধিকার এবং এক জন পাশা, অনেক গুলি কর্ম্মচারী, ৩ হাজার পদাতিক এবং এক দল অশ্বারোহী বন্দী করিয়াছেন, গৌরকো এই স্থানে সৈন্য দ্বারা ব্যূহ নির্ম্মাণ করিতেছেন। রুশদেরও বিস্তর লোক মারা পড়িয়াছে।

মুক্তিয়ার পাশা প্রকাশ করিয়াছেন যে, বিঝিনকৌ নামক স্থানে তিনি রুশ দিগকে পরাজয় করিয়াছেন। সলিমানপাশা প্রকাশ করেন যে, রুশিয়রা রুষ্টচক এবং কাডিকৌতে তুর্ক সৈন্যের দক্ষিণ পক্ষ আক্রমণ করিয়া হটিয়া গিয়াছে। এখানে রুশদিগের ৮ শত লোক মরিয়াছে। রুশেরা ইমকিডজুমা আক্রমণ করার আয়োজন করিতেছে।

২৭শে। সলিমানপাশা প্রকাশ করিয়াছেন যে, মানসোরকৌই নামক স্থানে একটি ক্ষুদ্র যুদ্ধ হইয়াছে। ডুবনিক যুদ্ধে রুশদের ২৫০০ সৈন্য নষ্ট হয়। গ্রাণ্ড ডিউক নিকোলাশ ডুবনিক পর্য্যবেক্ষণ করিয়াছেন রুশিয়রা সিলিষ্ট্রিয়াতে উপস্থিত হইয়াছে।

২৯শে। কার্স রুশিয়দিগের হস্তে অর্পণ করার কথা বার্ত্তা চলিতেছে। ইস্মেল ও মুক্তিয়ারপাশা একত্রিত হইয়া কুপ্রিকোইতে রুশদিগের নিমিত্ত অপেক্ষা করিতেছেন।

৩০শে। ওচনাই গমনের পথে টেলিচি নামক স্থান রুশেরা অধিকার করিয়াছে। এখানে ৭ দল তুর্ক সৈন্য, এক জন পাশা, বিস্তর কর্ম্মচারী এবং তিনটি কামান রুশদের হস্তে পতিত হইয়াছে। ওচানাইর পশ্চাদ দিকে স্কোটিঝা নামক স্থানে রুশেরা উপস্থিত হইয়াছে। মুক্তিয়ারপাশা সম্বাদ পাঠাইয়াছেন যে তাঁহার তিন ঘণ্টার পথ দূরে আঝার নামক স্থানে রুশেরা উপস্থিত হইয়াছে।

বিজ্ঞাপন।

WANTED a Head Master for the Behar English School on a salary of Rs. 125 per month. Applications admissible only up to the 30th of November 1877.

BIMALA CHARN BHOTTACHARJYA,
Secretary to the Behar English School.

ACKNOWLEDGMENT.
MUFFSIL SUBSCRIPTIONS.

	Rs.	As.	P.
Rajah Harish Chahdra Roy, Rangauia, Chittagong	12	0	0
Munshi Basiruddin Mahamed, Joydebpur, Dacca	5	0	0
„ Amadaddin Mahamed, Takipur, Mursidabad	5	8	0
„ Asimally, Chittagong	5	0	0
„ Hazi Abdul Gani, Inadgauge, Dacca	5	8	0
Mia Dafar Mamud Sarkar, Kasdaha, Rungpur	10	0	0
Babu Dina Nath Pramanik, Santipur	10	0	0
„ Tincorri Mukherji, Chinsurah	9	0	0
„ Nagendra Nath Benerji, Sultangaucha	10	0	0
„ Nabin Chandra Ghosh, Synthea	10	0	0
„ Govinda Lal Bysak, Dacca	5	0	0
„ Hari Das Mukherji, Nowgang	0	8	0
„ Madhab Chandra Maharer, Maugaldai, Assam	10	0	0
„ Nibaran Chandra Benerji, Nowkhali,	5	0	0
„ Mahendra Nath Mittra, Hugli,	10	0	0
„ Ram Krishna Mukherji, Goalanda	10	0	0
„ Nitto Gopal Lahiri, Chandsi,	10	0	0
„ Byeunta Nath De, Balasore,	10	0	0
„ Kailash Chandra Mukherji, Anautapur, Tamluk	5	0	0
„ Shyama Charan Chacrabutty, mymensing	10	0	0
„ Nil Chandra Chatterji, Dumdum	2	0	0
„ Amrita Lal Kavislkore, Chinsura	5	0	0
„ Aghore Nath Chutterji, Agra	10	0	0
„ Rasik Lal Mittra, Sundarpur Bongong	10	0	0
„ Mati Lal De, Rangoon	10	0	0
„ Rajani Kant Guha, Shibsagore	5	0	0
„ Gopal Ballab Mittra, Katak	10	0	0
„ Har Kisor Roy, Vagolpur	10	0	0
„ Ram Chandra Chowduri, Champapur Bogra	5	0	0
„ Govinda Narayan Sing Chowduri, Bakribari, Dhubri	5	0	0
Secry, L. Society, Triplican,	5	0	0
Madhawa Charan Balwachura Esqr., Kaira,	2	8	0
K. J. Desai Esqr., Shikarpore, sind	5	0	0
B. K. Seujit Esqr., Bombay	5	0	0
Secry, Dongro Library, Bombay	5	0	0
Lalji Parshotamrai Esqr. Baroda	5	0	0
Ranchordas Narottomdas Esqr., Bulsar	5	0	0
Umiashankar Aditram Esqr., Rajkot	5	0	0
Vittaldas Dhanjibhai Esqr. Rajkot	5	0	0
V. Ramanooja Moodellier Esqr., Kurnool	2	8	0
Bhawoo Rao Shirkay Esqr., Gondol	5	0	0
Vinayak Hari Sahasrabundhi Esqr., Bhandara	10	0	0
D. P. Sawanah Esqr., Coompta	5	0	0
Bapoojee Hurree Esq., Buldana	5	0	0
Mohadeo Dadishet Khed Esqr., Khed, Ratnagiri	5	0	0
Govind Wasudeo Kanikkar Esqr., Bombay	5	0	0
Pandarang Gopal Esqr., Bombay	7	8	0
Nanabhai Sorabji Dawar Esqr. Bombay	5	0	0
Lakshuman Trimbak Joshi Esqr., Alibag	5	0	0
R. Sooria Row Esqr., Vizigapatam	5	0	0
Secry, Baroda camp R. Room and Library, Baroda	5	0	0
Hari Singjee Jesabhai Esqr., Bhaonagor	10	0	0
Secry, N. L. Library, Kolhapur	5	0	0
R. G. Trivadee Esqr., Surat	5	0	0
Surajram M. Astote Esqr., Broach	5	0	0
Sakharam Narain Esqr., Bombay	5	0	0
Premabhai Himabhai Esqr., Ahmedabad	10	0	0
Javerilal U. Jajnik Esqr. Bombay	5	0	0
B. Rama Rao Esqr., Coimbatore	5	0	0
Secry Kalian N. G. Library, Bombay	5	0	0
K. S. Rama Row Esqr. B. A. Mangalore	5	0	0
Damodar W. Bhat Esqr. Poona	10	0	0
D. Aroona Chellier Esqr., Sooramungalum	5	0	0
Payedighantam J. Rao Esqr., Parlakemedy, Ganjam Dt.	5	0	0
Balmokund Esqr., Lahore	5	0	0

সংবাদ।

—নিঃস্ব ব্যক্তিদের সাহায্যার্থে গোরু ও বাঙ্গলের নিমিত্ত মান্দ্রাজ গবর্ণমেন্টে ১৮০০০০ টাকা এবং বীজের নিমিত্ত ৮০ হাজার টাকা দান করিয়াছেন।

--মহারাজা সিন্ধিয়া অন্ন কষ্টে প্রপীড়িতদিগের কষ্ট দূর করিবার নিমিত্ত সম্প্রতি ১২টী পান্থশালা প্রস্তুত করিয়াছেন।

--পূর্ব্বে রাষ্ট্র হয় যে শিক্ষা বিভাগের ডাইরেকটর সটক্লিফ সাহেব বোম্বাইয়ে প্রত্যাবর্ত্তন করিয়াছেন সে সত্য নহে। ডাইরেকটরের যে নাম সেই নামের একজন সাহেব বটে বিলাত হইতে বোম্বাই আসিয়াছেন, কিন্তু তিনি ডাইরেকটর আটকিনসন সাহেব নহেন।

--রোম নগরের ক্যাথলিক, খৃষ্টানেরা মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত দশ হাজার টাকা প্রেরণ করিয়াছেন।

--গত শনিবারের শস্য সংক্রান্ত রিপোর্টে প্রকাশিত হইয়াছে যে, উত্তর পশ্চিম অঞ্চলে উত্তম বৃষ্টি হইয়াছে এবং উহা দ্বারা রবি খন্দের বিশেষ উপকার হইয়াছে।

--পারস্য দেশে এবার প্রচুর শস্য উৎপন্ন হইয়াছে। এটি হওয়াতে রুশিয়দের পক্ষে বিশেষ উপকার হইবে। তাহারা পারস্য হইতে অনায়াসে আর্ম্মেনীয়ার সৈন্যদিগকে রসদ যোগাইতে পারিবে।

--মান্দ্রাজ দুর্ভিক্ষের সাহায্যার্থে কলিকাতায় যে টাকা সংগ্রহ হইতেছে তাহা দ্বারা এপর্য্যন্ত ৯০৫৪৩ টাকা সংগৃহীত হইয়াছে।

--বার্সেট চাগিন নামক একজন বিখ্যাত শিল্পির মৃত্যু হইয়াছে। ইনি যুদ্ধ স্থলে তুর্ক রণতরী নিঃসৃত গুলি দ্বারা আহত হন, কিন্তু যত্ন দ্বারা তিনি আরোগ্য লাভ করেন। আরোগ্য লাভ করিবা মাত্র তিনি প্লেবেনাতে গমন করেন এবং সেই স্থানে তাহার মৃত্যু হইয়াছে।

--গত বৎসর ইংলণ্ড হইতে একজন বিখ্যাত বিলিয়ার্ড খেলোয়াড় আসিয়া যশোলাভ করেন। এবার সেখান হইতে চারি জন ক্রিকেট খেলোয়াড় আগমন করিতেছেন। ইহারা কাহার নিকট হইতে অর্থ গ্রহণ করিবেন না, কেবল আপন ক্ষমতা দেখাইবার নিমিত্ত সহস্র ২ টাকা ব্যয় করিয়া এখানে আসিতেছেন।

--মান্দ্রাজের সর্ব্বত্র শস্যের মূল্য নরম হওয়াতে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন যে, গবর্ণমেণ্ট নিজের চাউল কেবল রিলিফ ওয়ার্ক ও রিলিফ ক্যাম্পে প্রেরণ করিবেন, আর কোন স্থানে এ চাউল ব্যবহার হইবে না।

--মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত গড়ে ৪৩৪৮৭ টাকা মাসিক বেতনে ১২৮ জন উচ্চপদস্থ কর্ম্মচারী নিযুক্ত হন এবং ইহার নিমিত্ত নিম্ন শ্রেণীর ৭২০৩ জন কর্ম্মচারী নিযুক্ত হন। ইহারা সকলে মাসে গড়ে ১৫২৫৭৩ টাকা বেতন প্রাপ্ত হন। নিম্ন শ্রেণী লোকের মধ্যে ৩৮৩০ জন রিলিফ ওয়ার্কে, ৬২৪ জন বেতন বিতরণ করিবার নিমিত্ত, ৭১৮ জন হিসাব রাখিবার নিমিত্ত, ১২০৮ জন রিলিফ ক্যাম্প ও হাউসে, এবং ৯০৩ জন গ্রাম্য রিলিফে নিযুক্ত হন। ঘোরতর সংগ্রামে উপস্থিত হইয়া শত্রু দমন করা অপেক্ষা অনেকের বিবেচনায় মান্দ্রাজের দুর্ভিক্ষ নিবারণ করা গুরুতর কাজ, সুতরাং এরূপ গুরুতর কার্য্যের ভার যাহাদের উপর গবর্ণমেণ্টের অধিক আস্থা আছে তাহাদের উপর নির্ভর করা উচিত। এই নিমিত্ত প্রায় ৫০ হাজার টাকা দিয়া ১২৯ জন কর্ম্মচারী নিযুক্ত করিয়া গবর্ণমেণ্ট টাকার অপব্যয় করিয়াছেন কি অর্থের সদ্ব্যবহার করিয়াছেন ইহার প্রতি অনেকে সন্দেহ করিতে পারে।

হাইদ্রাবাদের মহারাজা নিজ রাজ্যের মধ্যে বস্ত্র নির্ম্মাণ ও সংস্কার সম্বন্ধীয় উপদেশ প্রদানার্থে একটী বিদ্যালয় স্থাপন করেন। ক্রমে এখানে বন্দুক প্রস্তুত হইতে আরম্ভ হয়। প্রথমে এখানে ছোট ছোট কামান প্রস্তুত হইতে থাকে। ক্রমে এখানে বন্দুকও প্রস্তুত হয়। এই কারখানার নির্ম্মিত বন্দুক দ্বারা তিনি এক দল সৈন্য সজ্জীভূত করেন। সম্প্রতি এই কারখানাতে বারুদ গুলি এবং যুদ্ধের অন্যান্য উপকরণ প্রস্তুত হইতে থাকে। হাইদ্রাবাদের রেসিডেণ্ট ইহা দেখিয়া আর সহ্য করিতে পারেন না। তিনি এই কারখানাটি বন্ধ করিয়া দিয়াছেন। ইংরাজ রাজপুরুষেরা জানেন কোন বৃহৎ রাজ্য শাসন করিতে হইলে তাহা কোন মতে বল দ্বারা অধীন রাখা যায় না, ইহা কেবল সুশাসন দ্বারা অধীন রাখা সম্ভব। ইহা জানিয়াও যে এইরূপ ব্যবহার করেন ইহাতে আমরা দুঃখিত হই।

--রুশিয়রা জেনারেল টোডেল বেন নামক একজন নূতন সেনানীকে প্লেবেনাতে উপস্থিত করিয়াছেন। ইনি ক্রিমিয়ার যুদ্ধের সময় সিবাষ্টিপোল রক্ষা করাতে বিখ্যাত হন। ইহা দ্বারা রুশিয়রা কত দূর সাহায্য প্রাপ্ত হইবে তাহা বলা যায় না, কারণ ইনি সিবাষ্টি পোলে যে কার্য্যে বিখ্যাত হন, এখন তাহার বিপরীত কার্য্যে নিযুক্ত হইবেন। সিবাষ্টিপোলে ইনি শত্রু কর্ত্তৃক আক্রান্ত স্থান রক্ষা করেন। তাহার শত্রুরেরা তাহার সম্বন্ধে যাহা করিয়াছিল প্লেবেনাতে ইহার তাহাই করিতে হইবে।

--শীতকালে তুর্কিতে অবস্থিতি করিতে হইলে যে ২ দ্রব্যের প্রয়োজন রুসেরা তাহা সংগ্রহ করার উদ্যোগ করিতেছে। বোধ হয় শীত কালে উভয় পক্ষীয় সৈন্যেরা বিশ্রাম করিবে তবে সুযোগ পাইলে যে কেহ ছাড়িবে না তাহার কোন সন্দেহ নাই। ইউরোপের শীত এ দেশের শীতের মত নহে। সেখানে শীতের সঙ্গে বরফ পড়ে, ঝড় বৃষ্টি হয়, এবং লোকের স্বভাবতঃ এরূপ কষ্ট হয় যে তাহা আমরা অনুমানও করিতে পারি না। আবার বলগরিয়াতে পথ ঘাট এক রূপ নাই, যাহা আছে একটু বৃষ্টি হইলে তাহা অচল হইয়া পড়ে। এতদ্ভিন্ন রুশিয়রা ডানিউব নদীর উপর যে সেতু প্রস্তুত করিয়াছে তাহা রক্ষা করাও কঠিন হইবে। রুশিয়রা এই নিমিত্ত দেশ হইতে ইম্পিরিয়াল গার্ড সৈন্য সংগ্রহ করিতেছে, সম্রাট যুদ্ধ স্থল পরিত্যাগ করিলেন না এবং জেনারেল কটঝিকিউ নামক একজন বিচক্ষণ ব্যক্তি প্রধান সেনাপতির প্রধান মন্ত্রির পদে নিযুক্ত হইয়াছেন। রুশদিগের এই সঙ্কট উপস্থিত হইবার পূর্ব্বে এই জেনারেল প্রকাশ করেন যে, তাহারা যে প্রণালীতে কার্য্য করিতেছে তাহাদের এই বিপদের সম্ভাবনা। রুশ সম্রাটের এই নিমিত্ত তাহার উপর অধিক ভক্তি হইয়াছে এবং তিনি এই গুরুতর কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

